



## লিবিয়ার গাদ্দাফির ছেলে সাইফ আল-ইসলামকে গুলি করে হত্যা



নিহত সাইফ আল-ইসলাম। ছবি: সংগৃহীত

লিবিয়ায় গুলিতে নিহত সাইফ আল-ইসলাম গাদ্দাফি। লিবিয়ার সাবেক শাসক মুয়াম্মার গাদ্দাফির ছেলে সাইফ আল-ইসলাম গাদ্দাফি গুলিবিদ্ধ হয়ে মারা গেছেন। মঙ্গলবার (৩ ফেব্রুয়ারি) দেশটির জিনতান শহরে এ ঘটনা ঘটে। ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি এ তথ্য জানিয়েছে। সাইফের এক বোন জানান, আলজেরিয়া সীমান্তের কাছাকাছি এলাকায় তার মৃত্যু হয়েছে। তবে ঠিক কী পরিস্থিতিতে তিনি গুলিবিদ্ধ হন, সে বিষয়ে নিশ্চিত কোনো তথ্য দেননি তিনি। ১৯৭২ সালে জন্ম নেওয়া সাইফ আল-ইসলাম গাদ্দাফি, তার বাবার শাসনামলের শেষদিকে আন্তর্জাতিক অঙ্গনে লিবিয়ার ভাবমূর্তি পুনর্গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। বিশেষ করে পশ্চিমা বিশ্বের সঙ্গে সম্পর্ক উন্নয়নে তিনি সক্রিয় ছিলেন। গাদ্দাফি পরিবারের উত্তরসূরি হিসেবে সাইফকে দীর্ঘদিন ধরে সবচেয়ে প্রভাবশালী ও বিতর্কিত ব্যক্তিত্ব হিসেবে দেখা হতো। ২০১১ সালের গণঅভ্যুত্থানে মুয়াম্মার গাদ্দাফির পতন ও মৃত্যুর আগে ১৯৬৯ সাল থেকে টানা চার দশকের বেশি সময় লিবিয়া শাসন করেন তিনি। শিক্ষাজীবনে সাইফ আল-ইসলাম যুক্তরাজ্যের লন্ডন স্কুল অব ইকোনমিকস (এলএসই) থেকে ২০০৮ সালে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তার গবেষণার বিষয় ছিল বৈশ্বিক শাসন কাঠামো সংস্কারে নাগরিক সমাজের ভূমিকা।